# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 01-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) লোকসভা ও রাজ্যসভার যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মূর ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা।

২) সমগ্র দেশজুড়ে আজ তিনটি নতুন ফৌজদারী আইন বলবৎ।

এবং

৩) রাজ্যের বন্যা পরিস্থিতির অবনতি / প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ফোনের মাধ্যমে পরিস্থিতির পর্যালোচনা / রাজ্য সরকারের উদ্ধার তথা সাহায্য অভিযান অব্যাহত।

---------------------------------------------------------------------------------

লোকসভায় আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সংসদের উভয় সভার ভাষণের উপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে ।আলোচনায় অংশগ্রহণ করে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি সাংসদ অনুরাগ সিং ঠাকুর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১০ বছরে জনসাধারণের কল্যানে এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।তিনি বলেন যে ২৫ কোটি লোক দরিদ্র সীমার ওপরে উঠেছে এবং প্রধানমন্ত্রী গরিব কল্যান

যোজনার অধীনে ৮০ কোটি লোককে বিনামূল্যে খাদ্যসামগ্রী প্রদান করা হচ্ছে ।এছাড়া দুস্থ লোকেদের জন্য চার কোটি আবাসগৃহ নির্মান করা হয়েছে এবং ১২ কোটি শৌচালয় নির্মাণ করা হয়েছে বলে শ্রী ঠাকুর জানান ।

আলোচনায় অংশগ্রহণ করে বিরোধি দলনেতা রাহুল গান্ধী সর্বভারতীয় মেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা নিট এ অনিয়মের অভিযোগ সহ অগ্নিবীর প্রকল্প , মণিপুরের পরিস্থিতি , কৃষকদের বিভিন্ন সমস্যা , বিমুদ্রাকরন ,মুদ্রাস্ফিতীর হার ইত্যাদি সহ অন্যান্য অনিয়মের অভিযোগ উত্থাপন করেন। তিনি অভিযোগ করে বলেন যে নিট পরীক্ষা দরিদ্র শ্রেণীর নয় অর্থনৈতিকভাবে সবল শ্রেণীর লোকেদের অনুকূলে গড়ে তোলা হয়েছে । বিরোধি পক্ষ নিট পরীক্ষার বিষয় নিয়ে সংসদে পুরো একটি দিন আলোচনা করার দাবী জানায় ।কৃষকদের উৎপাদিত সামগ্রীর সঠিক মূল্য লাভ করেনি বলে শ্রী গান্ধী অভিযোগ উত্থাপন করলে এর বিরুদ্ধে আপত্তি জানিয়ে কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে সরকার ৫০ শতাংশ উৎপাদন ব্যয় খাদ্য শষ্যের ওপর এম এস পি প্রদান করেছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকড় আজ বিরোধি সদস্যদের উত্থাপন করা স্থগিত প্রস্তাব নাকচ করেন ।পরে সংসদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনা অনুষ্ঠিত হয় ।আলোচনায় অংশগ্রহণ করে বিরোধি দলনেতা মল্লিকার্জুন খার্গে অভিযোগ করে বলেন যে দরিদ্র , পিছিয়েপড়া শ্রেণী এবং সংখ্যালঘুদের উন্নয়নের জন্য কোন কাজ করা হয়নি ।শ্রী খার্গে , প্রশ্নপত্র ফাঁস , রেল দূর্ঘটনা ইত্যাদি বিষয় সভায় তুলে ধরেন ।শ্রী খার্গে তাঁর ভাষণে রেল বিভাগে খালি থাকা ৩ লক্ষের ও বেশী শূণ্যপদ শীঘ্র পূরণ করার দাবী উত্থাপন করেন ।প্রত্যুত্তরে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ গত ১০ বছরে ৫ লক্ষেরো বেশী লোক রেল বিভাগে চাকুরী পেয়েছে এবং তা পূর্বের ইউ পি এ সরকারের তুলনায় অনেকটা বেশী বলে মন্তব্য করেন ।

---

--------------------------------------------------------------------------------

সমগ্র দেশজুড়ে আজ থেকে তিনটি নতুন ফৌজদারি আইন ভারতীয় ন্যায় সংহিতা , ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম

বলবৎ হয়েছে । কেন্দ্রীয় সরকার  এর পরিপ্রেক্ষিতে  রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলগুলির সংগে নিয়মিত বৈঠক অনুষ্ঠিত করছে ও সকলেই এই নতুন ফৌজদারি আইনটি রুপায়ন করার ক্ষেত্রে প্রযুক্তি , দক্ষতা নির্মাণ তথা সচেতনতা বৃদ্ধি করার জন্য সম্পূর্নভাবে প্রস্তুত হচ্ছে । নতুন আইনগুলি রুপায়ন করার জন্য পুলিশ ও অনুসন্ধান কতৃপক্ষকে সব ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে । আকাশবানী ও দূরদর্শনের সংবাদ , অনুষ্ঠান , আলোচনা তথা সামাজিক মাধ্যমে এ সম্পর্কে বিস্তারিত বিশ্লেষন করা হয়েছে । এছাড়া জনসাধারণকে এ বিষয়ে অবগত করার উদ্দশ্যে বিভিন্ন ধরনের আলোচনা , তথ্য সমৃদ্ধ ওয়েবসাইট , মন্ত্রী পর্যায়ের ওয়েবনার ইত্যাদির আয়োজন করা হয়েছে ।এছাড়া বিদ্যালয় ও উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলির পাঠ্যক্রমে এই বিষয়গুলি অর্ন্তভূক্ত করার জন্য ও প্রয়াস করা হচ্ছে ।

নতুন ফৌজদারি আইনগুলি প্রযুক্তির ওপর অধিক গুরুত্ব দেওয়ার প্রতি লক্ষ্য রেখে জাতীয় অপরাধ সংগ্রহ ব্যুরো বর্তমানে কার্যক্ষম হয়ে থাকা ক্রাইম এন্ড ক্রিমিনেল ট্রেকিং নেটোয়ার্ক এন্ড সিস্টেম সি সি টি এন এস এপ্লিকেশনে ২৩ টি সংশোধন করবে ।

-------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন যে আজ থেকে কার্যকর হোয়া তিনটি নতুন ফৌজদারি আইন দেশের অপরাধ ন্যায় ব্যবস্থাকে আধুনিক করে তুলবে । নতুনদিল্লীতে আজ সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় শ্রী শাহ বলেন যে এই নতুন আইন ভুক্তভোগীর অধিকার রক্ষা করা সহ দ্রুত ন্যায় প্রদান করবে । তিনি বলেন আগে শুধু পুলিশের অধিকার সুরক্ষিত থাকতো কিন্তু এখন ভুক্তভোগী ও অভিযোগকারীর  অধিকার ও  সুরক্ষিত থাকবে ।শ্রী শাহ বলেন যে গনধর্ষন অপরাধের ক্ষেত্রে অপরাধীকে ২০ বছরের কারাগার বা যাবজ্জীন করাদন্ড প্রদান করা হবে ।এবং মাইনরকে ধর্ষন করার শাস্তি মৃত্যুদন্ড দেওয়া হবে ।

স্বরাষ্ট্র মন্ত্রী বিরোধীরা এই আইন নিয়ে মিথ্যা প্রচার করছে বলে অভিযোগ করেছেন । তিনি বলেন লোকসভায় এই আইন নিয়ে ৯ ঘন্টার ও

বেশী সময় এবং রাজ্য সভায় ৬ ঘন্টার ও বেশী সময় ধরে বিরোধী নেতাদের উপস্থিতিতে  আলোচনা হয়েছে  ।

---------------------------------------------------------------------------

রাজ্য মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুযায়ি গৃহ নির্মাণ এবং শহর পরিক্রমা বিভাগের মন্ত্রী অশোক সিংহল এবং অর্থমন্ত্রী অজন্তা নেওগকে নিয়ে গঠিত কেবিনেট কমিটি আজ তেজপুর অভিবর্তন কেন্দ্রে সামগ্রী এবং সেবা করএর বিষয় নিয়ে রাজ্যের কয়েকটি জেলার বানিজ্যিক সংস্থাসমুহের সঙ্গে আলোচনায় অংশগ্রহণ করে ।এই আলোচনায় বানিজ্যিক সংস্থা সমুহের প্রতিনিধিরা জি এস টি'র অধীনে প্রদান করা নির্দেশের ফলে তাদের বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়েছে বলে উল্লেখ করে এই বিষয়ে উভয় মন্ত্রীকে অবগত করান এবং কর পরিশোধ ব্যবস্থা সবলীকরণ সহ বিভিন্ন ধরণের পরামর্শ দেন ।মন্ত্রী শ্রী সিংহল বলেন যে করদাতাদের স্বার্থ সুরক্ষিত রাখা বর্তমান সরকারের অগ্রাধিকারের বিষয় ।রাজ্য সরকার সর্বদা ব্যবসায়ীদের সঙ্গে রয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে ব্যবসায়ীদের বিভিন্ন ক্ষেত্রের অসুবিধা সমুহ কার্যকরভাবে দূর করার জন্য সরকার বদ্ধপরিকর ।তিনি বলেন যে রাজ্যের ব্যবসায়ীদের লাভের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে জি এস টি প্রবর্তন করা হয়েছিল । আসামকে দেশের শীর্ষ ৫ টি রাজ্যের মধ্যে একটি হিসেবে গড়ে তুলতে হলে ব্যবসায়ীদের সঙ্গে নিয়ে এগিয়ে যেতে হবে বলে তিনি মন্তব্য করেন ।উল্লেখ্য জি এস টির অধীনে প্রদান করা নির্দেশ সম্পর্কে ব্যবসায়ীদের আশংকা দূর করতে শিলচর সহ তিনসুকিয়া , শিবসাগর এবং যোরহাটে পরবর্তি আলোচনা অনুষ্ঠিত করে এক মাসের মধ্যে উভয় মন্ত্রী প্রতিবেদন দাখিল করবেন ।

---------------------------------------------------------------------------

আকাশবানী গৌহাটীর আজ ৭৭ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রতিষ্ঠানটির সংগে জড়িত লোকেরা সহ শ্রোতাদের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে প্রকাশ করা এক বার্তায় তিনি বলেন যে রেডিওর প্রতি মানুষের আবেগ বহু আগে যেমন ছিল এখোনো সেই রকমই রয়েছে । প্রতিষ্ঠানটির জন্মলগ্নের সংগে জড়িত লোকেদের মুখ্যমন্ত্রী শ্রদ্ধার সংগে স্মরণ করেন ।        আকাশবানী গৌহাটীর ৭৭ তম প্রতিষ্ঠা

দিবস ও আঞ্চলিক সংবাদ বিভাগের ৬৮ তম প্রতিষ্ঠা দিবসের সংগে সংগতি রেখে গৌহাটীর মাছখোয়ায় প্রাগজ্যোতি সাংস্কৃতিক প্রকল্পে আজ বিভিন্ন কার্যসূচী সহ উত্তরপূর্বাঞ্চলের বিকাশ গাথা শীর্ষক একটি আলোচনা চক্র অনুষ্ঠিত হয়েছে ।আলোচনা চক্র উদ্বোধন করে আকাশবানী গৌহাটী কেন্দ্রের অতিরিক্ত সঞ্চালক প্রধান আশীষ ভাটনগর বলেন যে আকাশবানী জনগনের কণ্ঠ হয়ে রয়েছে ।বিগত সময়ের মতোই আকাশবানী নিজের গরিমা অক্ষুন্ন রেখে চলেছে ।

---------------------------------------------------------------------------

গত কয়েকদিন থেকে ধারাবাহিক বৃষ্টিপাতের ফলে রাজ্যের ১২ টি জেলার ২ লক্ষ ৬২ হাজারের ও বেশী লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফোনের মাধ্যমে আজ রাজ্যের মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার থেকে বছরের দ্বিতীয় বন্যা সম্পর্কে উদ্ভুত পরিস্থিতির খোজ নেন ।মুখ্যমন্ত্রী সরকারের ইতিমধ্যে গ্রহণ করা সাহায্য ব্যবস্থা তথা উদ্ধার অভিযানের বিষয়ে প্রধানমন্ত্রীকে অবগত করান । উল্লেখ্য গোলাঘাট জেলার বোকাঘাট রাজস্বচক্রের ৩১ টি গ্রাম বন্যার জলে প্লাবিত করেছে । গোলাঘাট পুলিশ ও এস ডি আর এফ বন্যাক্রান্ত লোক তথা জীবজন্তুকে উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যাওয়ার জন্য তৎপরতার সংগে কাজ করে যাচ্ছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নির্দেশ অনুযায়ী আজ থেকে রাতের দিকে জাতীয় উদ্যানের মধ্য দিয়ে যাওয়া ৩৭ নম্বর জাতীয় সড়কে ব্যবসায়িক গরুর বাহন ও ব্যাক্তিগত যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।কাজিরাঙা জাতীয় উদ্যানের ক্ষেত্র সঞ্চালক সহ গোলাঘাট জেলার আয়ুক্ত এই নিষেধাজ্ঞা জারি করেছেন ।এদিকে তিনসুকিয়া ,যোরহাট , মাজুলী , শিবসাগর , ইত্যাদি জেলার নদীগুলির জলস্তর বৃদ্ধি পাওয়ায় নতুন নতুন এলাকা প্লাবিত করছে । ডিব্রুগড় জেলায় ও কৃত্রিম বন্যার ফলে শোচনীয় পরিস্থিতির সৃষ্টি হয়েছে ।

---------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ উত্তর পূর্ব , পূর্ব ও উত্তর পশ্চিম অঞ্চলে আগামী তিন চারদিন ধারাবাহিক বৃষ্টিপাত হবার পূর্বাভাষ দিয়েছে । এর পরিপ্রেক্ষিতে আবহাওয়া বিজ্ঞান বিভাগ ঐ অঞ্চলগুলিতে অরেঞ্জ ও রেড

এলার্ট জারি করেছে ।সূত্রে আসাম ,অরুনাচল প্রদেশ , মেঘালয় , নাগাল্যান্ড , মণিপুর , মিজোরাম , ত্রিপুরা ও সিকিম সহ বিহার ও পশ্চিমবংগে আগামী দুই থেকে তিনদিন ধারাবাহিক বৃষ্টিপাত হবার সম্ভাবনা রয়েছে বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------

আজ চিকিৎসক দিবস । এ উপলক্ষে রাজ্যের নানা প্রান্তে চিকিৎসা সচেতনতা শিবির , আলোচনাচক্র ইত্যাদি অনুষ্ঠিত হচ্ছে । যোরহাট পুলিশ প্রশাসনের উদ্যোগে ও ডক্টর্স ক্লাবের সহযোগীতায় আজ চিকিৎসা শিবিরের আয়োজন করা হয় । শিবিরে জীবনশৈলীজনিত রোগ যেমন উচ্চরক্তচাপ , মধুমেহ , উদ্বিগ্নতা ইত্যাদির প্রতি সচেতনতা সৃষ্টি করতে প্রয়াস চালানোর ওপর গুরুত্ব আরোপ করা হয় ।

---------------------------------------------------------------------------

চিকিৎসক দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের সব চিকিৎসকদের শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক পোষ্টে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে আজ দেশের স্বাস্থ্য ক্ষেত্রের নায়কদের অধ্যাবসায় এবং একাগ্রতার প্রতি শ্রদ্ধা জানানোর দিন । প্রধানমন্ত্রী আরো বলেন যে সরকার দেশের দেশের স্বাস্থ্য ক্ষেত্রের পরিকাঠামো উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ এবং চিকিৎসকদের প্রদেয় শ্রদ্ধা নিশ্চিত করছে যে তারা প্রকৃত দাবীদার রয়েছেন ।

---------------------------------------------------------------------------

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ চার্টাড একাউন্টটেন্ডস দিবস উপলক্ষ্যে দেশের সব চার্টাড একাউন্টটেনডদের শুভেচ্ছা জানিয়েছেন । প্রধানমন্ত্রী বলেন যে চার্টাড একাউন্টটেনডরা দেশের অর্থনৈতিক মানচিত্রে গুরুত্বপূর্ন ভুমিকা পালন করছেন ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে জাতীয় চিকিৎসক দিবস পালন করা হয়েছে । হাইলাকান্দি রোটারী ক্লাবের পক্ষ থেকে জেলার দু জন বিশেষজ্ঞ চিকিৎসক দেবাশীষ খরিকাপচা ও শাহনাওয়াজ মজুমদারকে , তাদের চেম্বারে গিয়ে সংবর্ধনা জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে আজ লালায় জাতীয় চিকিৎসক দিবস পালন করা হয়েছে । ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সভায় লালা ও কাটলিছড়া অঞ্চলের কয়েকজন কৃতি চিকিৎককে সংবর্ধনা জানানো হয়েছে । লালার চক্র আধিকারীক ভাস্করজ্যোতি তালুকদার চিকিৎসকদের হাতে মানপত্র ও উপহার তুলে দিয়েছেন ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে আজ থেকে দেশে বলবৎ হওয়া ভারতীয় ন্যয় সংহিতা , ভারতীয় নাগরিক ন্যয় সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন আইন নিয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলার পুলিশ সুপার লীনা দোলে জেলা আইন সেবা কর্তৃপক্ষের সম্পাদক বেদব্রত আচার্য্য এই তিনটি নতুন আইনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন । আজকের সচেতনতা সভায় পুলিশ বিভাগের শীর্ষ আধিকারীক , গ্রাম রক্ষী বাহিনীর সদস্য , বিভিন্ন পরিবহন সংস্থার সদস্য এবং সংবাদ মাধ্যমের কর্মীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------